



বায়েজিদ বোস্তামী ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়

বিদ্যালয়ের সংক্ষিপ্ত ইতিহাস

পূণ্যভূমি চট্টগ্রামের পাহাড়ী সৌন্দর্যে স্নিগ্ধ ও সাবলিল পরিবেশে সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, ঢাকা সেনানিবাস এর অধীনে চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ১৯৮৯ সালে বায়েজিদ লাইন প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়। বিদ্যালয়টির ভিত্তি প্রস্তর স্থাপন ও উদ্বোধন করেন তৎকালীন সেনাপ্রধান লে.জে. আতিকুর রহমানের পত্নী মিসেস মুনিরা আতিক। ১৯৯২ সালে বিদ্যালয়টি উন্নীত হয় নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে। ১৯৯৪ সালে শুরু হয় উচ্চ বিদ্যালয়ের কার্যক্রম। ১৯৯৫ সাল থেকে বিদ্যালয়টি একটি পূর্ণাঙ্গ উচ্চ বিদ্যালয়ের স্বীকৃতি লাভ করে সফলতার সাথে কার্যক্রম চালিয়ে যাচ্ছে।